

## 💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ বিভিন্ন সময়ের দো'আ সমূহ (الدعوات في الأوقات) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

২৫. কুরআন তেলাওয়াত ও মজলিস শেষের দো'আ

سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدكَ أَشْهَدُ أَنْ لآ إِلَهَ إِلاَّ أَنْتَ أَسْتَغْفِرُكَ وَأَتُوْبُ إِلَيْكَ

উচ্চারণ : 'সুবহা-নাকাল্লা-হুম্মা ওয়া বিহামদিকা, আশহাদু আল লা ইলা-হা ইল্লা আনতা, আস্তাগফিরুকা ওয়া আতূবু ইলাইকা'।

অনুবাদ : 'মহা পবিত্র তুমি হে আল্লাহ! তোমার প্রশংসার সাথে আমি সাক্ষ্য দিচ্ছি যে, তুমি ব্যতীত কোন উপাস্য নেই। আমি তোমার নিকটে ক্ষমা প্রার্থনা করছি এবং তোমার দিকেই ফিরে যাচ্ছি (বা তওবা করছি)।

রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, মজলিস ভঙ্গের পূর্বে এই দো'আ পাঠ করলে মজলিস চলাকালীন তার ভাল কথাগুলি তার জন্য কিয়ামত পর্যন্ত মোহরাংকিত থাকবে এবং অযথা বাক্যসমূহের গোনাহ মাফ করে দেওয়া হবে এবং এই দো'আ উক্ত গোনাহ সমূহের কাফফারা হবে'।[151]

উক্ত দো'আ সকলে ব্যক্তিগতভাবে পড়বে। উল্লেখ্য যে, পবিত্র কুরআন তেলাওয়াত বা মজলিস শেষে দলবদ্ধভাবে হাত উঠিয়ে মুনাজাত করার প্রচলিত প্রথার কোন ভিত্তি নেই।

## সমাপ্ত

হে আল্লাহ! দ্বীন লেখকের ক্রটিগুলি তুমি ক্ষমা কর এবং তোমার পথে এই ক্ষুদ্র খিদমতটুকু কবুল কর। হে আল্লাহ! এ বই পড়ে যত মুমিন নর-নারী আমল করবেন, তোমার রাসূল (ছাঃ)-এর ওয়াদা মোতাবেক এ নাচীয লেখকের আমলনামায় তার ছওয়াব পূর্ণরূপে যুক্ত কর এবং এর অসীলায় লেখক ও তার পিতামাতাকে ও তার পরিবারবর্গকে এবং তার সকল শুভাকাংখীকে কবরে ও হাশরে মুক্তি দান কর- আমীন!! সুবহা-নাল্লা-হি ওয়া বেহামিদিহী, সুবহা-নাল্লা-হিল 'আযীম!

رَبَّنَا تَقَبَّلْ مِنَّا إِنَّكَ أَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ وَتُبْ عَلَيْنَا إِنَّكَ أَنْتَ التَّوَّابُ الرَّحِيمُ، سُبْحَانَ رَبِّكَ رَبِّ الْعِزَّةِ عَمَّا يَصِفُوْنَ وَسَلاَمٌ عَلَى الْمُرْسَلِيْنَ وَالْحَمْدُ لِلهِ رَبِّ الْعَالَمِيْنَ، وَصَلَّي اللهُ تَعَالَي عَلَي نَبِيِّنَا مُحَمَّد وَآلِهِ وَصَحْبِهِ أَجْمَعِيْنَ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانِ إِلَي يَوْمِ الدِّيْنِ لَ سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ أَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ أَنْتَ أَسْتَغُورُكَ وَأَتُوْبُ إِلَيْكَ لَ رَبَّنَا الْغُورْلِي وَلِوَالِدَى اللَّهُمُّ مَنِيْنَ يَوْمَ يَقُومُ الْحِسَابُ الْعَلْمَ الْمُؤْمِنِيْنَ يَوْمَ يَقُومُ الْحِسَابُ

## ফুটনোট

[151] . তিরমিযী, নাসাঈ, ইবনু মাজাহ, মিশকাত হা/২৪৩৩, ২৪৫০; 'দো'আ সমূহ' অধ্যায়-৯ 'বিভিন্ন সময়ের



## দো'আ সমূহ' অনুচ্ছেদ-৭।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9288

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন